



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

আলমপুর, কদমতলী, দক্ষিণ সুরমা, সিলেট

www. Sylhetboard.gov.bd.

স্মারক নং সিশিবো/ পনি/জে এস সি /১৪৪/২০১৮/৫৭৪

তারিখ : ২২/১২/২০১৮

বিষয় : ২০১৮ সালের নভেম্বর মাসে অনুষ্ঠিত জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষার ফল প্রকাশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সরকারের সিদ্ধান্ত মোতাবেক ২০১৮ সালের নভেম্বর মাসে অনুষ্ঠিত জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষার ফল শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে ও সংশ্লিষ্ট কেন্দ্র থেকে আগামী ২৪/১২/২০১৮ ইং তারিখ সোমবার বেলা-১২.৩০ টায় সারাদেশে একযোগে প্রকাশিত হবে। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের সিদ্ধান্তমোতাবেক ২০১৮ সালের জে এস সি পরীক্ষার ফল শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে এবং কেন্দ্রের E-mail address বরাবরে যথা সময়ে প্রেরণ করা হবে। শিক্ষা প্রতিষ্ঠান ও কেন্দ্রভিত্তিক ফলাফল ডাউনলোড করতে পারবেন। শিক্ষা প্রতিষ্ঠান ও কেন্দ্রের ক্ষেত্রে সরবরাহকৃত পাসওয়ার্ড ব্যবহার করতে হবে।

পুনঃ নিরীক্ষণের জন্য এস এম এস এর মাধ্যমে ২৫/১২/২০১৮ তারিখ থেকে ০২/০১/২০১৯ তারিখ পর্যন্ত আবেদন গ্রহণ করা হবে।

উল্লেখ্য, জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষার ফল সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় ও কেন্দ্রে হার্ড কপি প্রেরণ করা হবে না।

প্রাপকঃ জেলা প্রশাসক
সিলেট/হবিগঞ্জ/ মৌলভীবাজার/সুনামগঞ্জ

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

নির্ধারিত সময়ে ফলাফল পেতে সমস্যা হলে নিম্নোক্ত
নম্বরে যোগাযোগের জন্য অনুরোধ করা গেলঃ
০৮২১-৮৪০০৮৫, ৮৪০০৯১

(মোঃ কবির আহমদ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৩। কেন্দ্র সচিব, জে এস সি পরীক্ষা -২০১৮ সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকলকেন্দ্র।
- ৪। সিস্টেম এনালিস্ট, অত্র শিক্ষা বোর্ড। (বোর্ডের ওয়েব সাইটে তথ্যটি দেয়ার জন্য অনুরোধ করা গেল)।
- ৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ৬। সংরক্ষণ নথি।